



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

উপপরিচালক (বীজ বিপণন) এর কার্যালয়

কিশোরগঞ্জ অঞ্চল, কিশোরগঞ্জ

Email: ddsmbadckishorgonj@gmail.com



স্মারক নং : ১২.০৬.৪৮০০.২৭৫.১১.০২.২০২৫/০২

তারিখ : ১৭ আষাঢ় ১৪৩২
১ জুলাই ২০২৫

বীজ ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

কিশোরগঞ্জ অঞ্চলের কিশোরগঞ্জ জেলার বীজ ব্যবসায়ীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলতি ২০২৫-২৬ বর্ষে বিভিন্ন উপজেলায় বীজ ডিলার নিয়োগের জন্য আবেদন আহবান করা যাচ্ছে। বিএডিসি'র বিপণনকৃত সকল ফসলের বীজ বিক্রয়ের জন্য ডিলারশীপ নিতে আশ্রয়ী এমন বীজ ব্যবসায়ীগণ ৩১ জুলাই ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে ৫০০/- (পাঁচশত) টাকা ক্যাশ মেমোর মাধ্যমে জমা করে আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন।

কৃষি মন্ত্রণালয়ের ওয়েব সাইট ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিসে (<http://service.moa.gov.bd/portal/home>) বীজ ব্যবসায়ীগণ প্রয়োজনীয় তথ্য দিয়ে নাম নিবন্ধন করবেন। অনলাইনে নিবন্ধিত বীজ ব্যবসায়ীগণ প্রয়োজনীয় ডকুমেন্টসহ অনলাইনে উপপরিচালক (বীজ বিপণন), বিএডিসি, কিশোরগঞ্জ বরাবর ডিলার হিসেবে নিয়োগের জন্য আবেদন করবেন।

আবেদকারীর যোগ্যতা :

- ১। বীজ ডিলারশীপের জন্য আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে অবশ্যই ব্যবসায়ী, বাংলাদেশের নাগরিক এবং সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে অবশ্যই বীজসহ কৃষি উপকরণ ব্যবসার ট্রেড লাইসেন্স, কৃষি মন্ত্রণালয়ের নিবন্ধন এবং এতদসংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
- ৩। অংশীদারিত্বভিত্তিক কোন প্রতিষ্ঠান/সংগঠন যদি বীজ ডিলারশীপের জন্য আবেদন করেন তবে উক্ত প্রতিষ্ঠান/সংগঠনের পরিচালনা কমিটির পক্ষ থেকে যার নামে ডিলারশীপ দেওয়া হবে তাকে ব্যবসা পরিচালনার সর্বময় ক্ষমতা (Power of Attorney) দিতে হবে।
- ৪। সংস্থার নিয়ন্ত্রনামূলক প্রকল্প/কর্মসূচি ব্যতিত অন্য কোন সরকারী/আধা সরকারী/সরকারী প্রকল্প/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান অথবা প্রতিষ্ঠানের সুবিধাভোগী ব্যক্তি/গোষ্ঠী বীজ ডিলারশীপের জন্য আবেদন করতে পারবেন না।
- ৫। বীজ উৎপাদনকারী/আমদানীকারক/নিজস্ব ট্রেডমার্কে বীজ বিপণনকারী কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বীজ ডিলারশীপের জন্য আবেদন করতে পারবেন না।

আবেদনের নিয়মাবলী :

- ১। আবেদন পত্রের ফরম ক্রয়ের রশিদ/ক্যাশমেমো।
- ২। পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি।
- ৩। হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।
- ৪। আর্থিক স্বচ্ছতার ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট।
- ৫। বীজ সংরক্ষণাগার/দোকান/বিক্রয়কেন্দ্রের মালিকানার প্রমাণপত্র/ভাড়ার চুক্তিনামা।
- ৬। নাগরিকত্ব সনদপত্র (ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত)।
- ৭। যৌথ ব্যবসা প্রতিষ্ঠানের ক্ষেত্রে যৌথ ব্যবসার চুক্তিপত্র এবং Power of Attorney সার্টিফিকেট।
- ৮। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
- ৯। কৃষি মন্ত্রণালয়ের হালনাগাদ বীজ ডিলার লাইসেন্সের সত্যায়িত ফটোকপি।
- ১০। প্রাথমিক নির্বাচিত বীজ ডিলারগণকে লাইসেন্স ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা (অফেরৎযোগ্য) এই দপ্তরে ক্যাশ মেমোর মাধ্যমে এবং ১৫% হারে ভ্যাট ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা এ চালানের মাধ্যমে জমা দিতে হবে এবং বীজ ডিলারের অবশ্য পালনীয় শর্তাদি নিজ খরচে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প বিএডিসি কর্তৃপক্ষের সাথে চুক্তিপত্র করতে হবে।
- ১১। বীজ বিতরণ বিভাগ, বিএডিসি, ঢাকা দপ্তর স্মারক নং-১২.০৬.০০০০.২৭৫.৯৯.০৩৮.২১-৪৬৪০, তারিখ- ০২ জুন ২০২৪ খ্রি. মূলে বীজ ডিলার নিয়োগের সকল কাজ সম্পাদন হবে।
- ১২। বীজ ডিলার নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি/সংশোধনী এই দপ্তরের নোটিশ বোর্ডে জানানো হবে।


(মো: আজহারুজ্জামান তালুকদার)

পরিচিতি নং- ০২০২৪৪

উপপরিচালক (বীজ বিপণন)

অতি: দায়িত্ব

বিএডিসি, কিশোরগঞ্জ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :-

- ১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ২। অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ বিতরণ), বিএডিসি, ঢাকা।
- ৩। যুগ্মপরিচালক (বীজ বিপণন), বিএডিসি, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৪। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ি, কিশোরগঞ্জ।
- ৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, কিশোরগঞ্জ সদর/হোসেনপুর/ পাকুন্দিয়া/ কাটিয়াদি/ করিমগঞ্জ/ তাড়াইল/ ইটনা/ মিঠামইন/অষ্টগ্রাম/নিকলী/ বাজিতপুর/কুলিয়ারচর/ ভৈরব, কিশোরগঞ্জ জেলা।
- ৬। উপজেলা কৃষি কর্মকর্তা, কিশোরগঞ্জ সদর/হোসেনপুর/ পাকুন্দিয়া/ কাটিয়াদি/ করিমগঞ্জ/ তাড়াইল/ ইটনা/ মিঠামইন/অষ্টগ্রাম/নিকলী/ বাজিতপুর/কুলিয়ারচর/ ভৈরব, কিশোরগঞ্জ জেলা।
- ৭। নোটিশ বোর্ড/অফিস নথি।